মেহেরপুরে ফেনসিডিল মামলায় এক ব্যক্তির ২ বছরের জেল

ফেনসিডিল রাখার অভিযোগে কামাল হোসেন নামের এক ব্যক্তিকে ২ বছরের সশ্রম কারাদন্ড দিয়েছে আদালত।
গতকাল মঙ্গলবার দুপুরের দিকে মেহেরপুর স্পেশাল ট্রাইব্যুনাল চতুর্থ আদালতের বিচারক মো: কেরামত আলী এ রায় দেন।
কামাল হোসেন মেহেরপুরের মুজিবনগর উপজেলা আনন্দবাস গ্রামের লিয়াকত হোসেনের ছেলে। ২০১৪ সালের মেহেরপুর ডিবি পুলিশের একটি দল ৮ বোতল ফেন্সিডিলসহ কামাল হোসেনকে আটক করে। ওই ঘটনায় মুজিবনগর থানায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে একটি মামলা দায়ের করা হয়। উক্ত মামলায় ৭ জন সাক্ষী সাক্ষ্য প্রদান করেন।

নিজস্ব প্রতিনিধি

স্বর্ণ পাচার মামলায় চুয়াডাঙ্গায় একজনের যাবজ্জীবন কারাদন্ড

চুয়াডাঙ্গার দর্শনা চেকপোষ্ট দিয়ে স্বর্ণ পাচার মামলায় একজনকে যাবজ্জীবন কারাদন্ড দিয়েছেন আদালত।

মঙ্গলবার বিকেলে স্পেশাল ট্রাইব্যুনাল-১ আদালতের বিচারক মোহাম্মদ রবিউল ইসলাম এ রায় প্রদান করেন। কারাদÐপ্রাপ্ত আসামী হলো, ঢাকা গাজীপুর টঙ্গী থানার আরিচপুর এলাকার মৃত আবুল কাশেমের ছেলে আব্দুল মুত্তালিব।

আদালত সূত্র জানায়, ২০১৮ সালের ২৫ শে মে সকালে চুয়াডাঙ্গার দর্শনা চেকপোষ্ট দিয়ে ভারতে প্রবেশ করতে যায় পাসপোর্টধারী যাত্রী আব্দুল মুত্তালিব। ভারতে প্রবেশের আগে ভ্রমন প্রক্রিয়া

কাজের সময় সন্দেহ হলে তাকে আটক করে দর্শনার স্থল ও শুল্ক কর্মকর্তারা।

পরে ওই যাত্রীর ব্যাগ তল্লাশী করে ১ কেজি ওজনের ১টি স্বর্ণের বার উদ্ধার করা হয়। যার বাজারমূল্য প্রায় ৫০ লাখ টাকা। ওইদিনই জব্দ হওয়া স্বর্ণসহ আব্দুল মুত্তালিবকে আসামী করে দামুড়হুদা মডেল থানায় একটি স্বর্ণ চোরাচালান মামলা দায়ের করেন শুল্ক ও গোয়েন্দা তদন্ত বিভাগের (বেনাপোল সার্কেল) সহকারী রাজস্ব কর্মকর্তা সাজিবুল ইসলাম।

পরে একই বছরের ৩০শে জুন আব্দুল মুত্তালিবকে অভিযুক্ত করে আদালতে চুড়ান্ত প্রতিবেদন দাখিল করেন দামুড়হুদা মডেল থানার তৎকালীন পরিদর্শক (তদন্ত) জিএম ইমদাদুল হক। এরপর মঙ্গলর বিকেলে ১৪জন স্বাক্ষীর স্বাক্ষ্য গ্রহন ও যাচাই বাছাই শেষে আসামী আব্দুল মুত্তালিবকে দোষী সাবস্ত্য করে তার উপস্থিতিতে বিশেষ ক্ষমতা আইন ১৯৭৪ এর ২৫বি (১)(এ) ধারায় যাবজ্জীবন কারাদন্ডাদেশ দেয়া হয়। পরে তাকে জেল হাজতে প্রেরণ করেন।

:চুয়াডাঙ্গা প্রতিনিধি

মেহেরপুরে জমিজমা সংক্রান্ত মামলায় পিতা পুত্রের জেল

জমিজমা সংক্রান্ত বিরোধ মামলায় পিতা কাবিল উদ্দীন ও তার পুত্র লাল্টুকে ২ বছরের কারাদন্ড দিয়েছে আদালত।
শনিবার দুপুরের দিকে মেহেরপুর চিফ জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট আদালতের বিচারক শিরিন নাহার এ রায় দেন। সাজাপ্রাপ্ত কাবিল মেহেরপুর সদর উপজেলার শ্যামপুর গ্রামের পরান মন্ডলের ছেলে এবং লাল্টু কাবিল উদ্দীনের ছেলে।
২০১২ সালে জমি সংক্রান্ত বিষয় নিয়ে প্রতিবেশী শহিদুল ইসলামের সাথে সংঘর্ষ হয়। ঐ ঘটনায় শহিদুল ইসলাম বাদী হয়ে মামলা দায়ের করে।

নিজস্ব প্রতিনিধি